

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারি মাধ্যমিক-৩
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.shed.gov.bd



নং-৩৭.০০.০০০০.০৭৪.০২৯.০০১.২০১৯(অংশ-১).২৭৫


তারিখ: ০৫ আশ্বিন ১৪২৮ বঙ্গাব্দ
২০ সেপ্টেম্বর ২০২১ খ্রিস্টাব্দ

বিষয়: এনটিআরসিএ তে ত্রুটিপূর্ণ চাহিদা প্রেরণের দায়ে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের অধ্যক্ষ/প্রধান শিক্ষক এর বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ।
সূত্র: এনটিআরসিএ এর স্মারক নং: বেশিনিক/শি.শি/দ্বি:নি:চ:অ:আবেদন প্রসঙ্গে/১১২২/২০২০/৫৩৪, তারিখ: ০৩.০৭.২০২০খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নিম্ন বর্ণিত শিক্ষা প্রতিষ্ঠান হতে ২০১৯ সালের ২য় নিয়োগ চক্রের মাধ্যমে শিক্ষক নিয়োগের জন্য এনটিআরসিএতে ত্রুটিপূর্ণ চাহিদা প্রেরণ করা হয়। এনটিআরসিএ কর্তৃক মেধা তালিকায় উত্তীর্ণ হয়ে সুপারিশ পাওয়া সত্ত্বেও ত্রুটিপূর্ণ চাহিদার কারণে সুপারিশপ্রাপ্ত শিক্ষকের এমপিওভুক্তিতে জটিলতা সৃষ্টি হয়। ত্রুটিপূর্ণ চাহিদা প্রেরণকারী অধ্যক্ষ/প্রধান শিক্ষক এর নাম ও ঠিকানা নিম্নরূপ:

ক্র:নং	নাম ও ঠিকানা
১.	জনাব মো: রুহোল আমীন, প্রধান শিক্ষক, সোনালী জুট মিলস হাই স্কুল, খানজাহান আলী, খুলনা।
২.	জনাব মো: সাহিনুল হোসেন বিশ্বাস, প্রধান শিক্ষক, সোহরাওয়ার্দী স্মরণী বিদ্যাপীঠ, সদর, চুয়াডাঙ্গা।
৩.	জনাব মোহাম্মদ নজরুল ইসলাম, প্রধান শিক্ষক, টুঞ্জাবাড়ীয়া মাধ্যমিক বিদ্যালয়, রাজাবালী, পটুয়াখালী।
৪.	জনাব মো: রফিকুল ইসলাম, প্রধান শিক্ষক, হাসনা জাহান বালিকা উচ্চ বিদ্যালয়, সদর, বগুড়া।
৫.	জনাব এ বি এম এনামুল হক, অধ্যক্ষ, ওবায়দুল হক মহাবিদ্যালয়, সদর, ভোলা।

০২। এমতাবস্থায়, এনটিআরসিএ তে ত্রুটিপূর্ণ চাহিদা প্রেরণের দায়ে বর্ণিত ০৫ জন অধ্যক্ষ/প্রধান শিক্ষক এর ৩ (তিন) মাসের বেতন ভাতার সরকারি অংশ কর্তন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


20/9/2021
(মো: কামরুল হাসান)
উপসচিব
ফোন : ৯৫৪০৫১৭

ই-মেইল: nongovt.secondary.sec3@shed.gov.bd

মহাপরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
শিক্ষা ভবন, ঢাকা।

সদয় অবগতি/ কার্যার্থে :

১. চেয়ারম্যান, বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ), ইন্সটন গার্ডেন রোড, রমনা, ঢাকা।
২. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৫. সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৬. অধ্যক্ষ/প্রধান শিক্ষক.....।
৭. জনাব.....।
৮. অফিস কপি।